



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৮১

তারিখঃ ৮ ডিসেম্বর ২০১৫ইং

নির্দেশনা

স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা

(১) স্টক ব্রোকার/স্টক ডিলার :

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A- তে প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, স্টক ব্রোকার/স্টক ডিলার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করিল:

- স্টক ডিলারদের, ডিলার হিসাবে (Dealer Account) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৫ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৫ইং হইতে ডিসেম্বর ২০১৬ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল; এবং
- স্টক ব্রোকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৫ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৫ইং হইতে ডিসেম্বর ২০১৬ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর ২০১৫ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রভিশনের জন্য প্রযোজ্য হইবে। একইসাথে ২০১৫ইং সালের মূল্যহ্রাসজনিত ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হইবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করিতে হইবে। উল্লেখ্য যে, উপরোক্ত সুযোগসমূহ গ্রহণ করিবার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাইবে না।

(২) মার্চেন্ট ব্যাংকারঃ

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A- তে প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, মার্চেন্ট ব্যাংকার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করিল:

- মার্চেন্ট ব্যাংকার সমূহ (যার জন্য প্রযোজ্য) নিজস্ব পোর্টফোলিওতে (Own Portfolio) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৫ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৫ইং হইতে ডিসেম্বর ২০১৬ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল; এবং
- মার্চেন্ট ব্যাংকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৫ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৫ইং হইতে ডিসেম্বর ২০১৬ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর ২০১৫ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রভিশনের জন্য প্রযোজ্য হইবে। একইসাথে ২০১৫ইং সালের মূল্যহ্রাসজনিত ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হইবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করিতে হইবে। উল্লেখ্য যে, উপরোক্ত সুযোগসমূহ গ্রহণ করিবার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাইবে না।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান।